



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd




প্রেস বিজ্ঞপ্তি (২৫ জুন ২০২৩)

আজ ২৫ জুন ২০২৩ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে “Loan 4321-BAN: South Asia Subregional Economic Cooperation Chittagong–Cox’s Bazar Railway Project, Phase 1-Tranche 3”-এর ৩৬৮.৩৫৮ মিলিয়ন ইউরো (প্রায় ৪০০.০০ মিলিয়ন মার্কিন ডলারের) ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের পক্ষে মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবি’র পক্ষে Mr. Jiangbo Ning, অফিসার ইন চার্জ, বাংলাদেশ আবাসিক মিশন (বিআরএম) উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি আবাসিক মিশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সরকারের Fast Track-ভুক্ত এ প্রকল্পের আওতায় দোহাজারী হতে রামু হয়ে কক্সবাজার পর্যন্ত ১০০.৮৩১ কিলোমিটার নতুন সিংগেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মাণ করা হবে। এর ফলে পর্যটন শহর কক্সবাজারের সাথে রেলওয়ে সংযোগ স্থাপন; যাত্রী ও মালামাল পরিবহনে রেলওয়ের অংশীদারিত্ব বৃদ্ধি; কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি এবং সেই সাথে চট্টগ্রাম-কক্সবাজার করিডোরের সাথে ট্রান্স এশিয়ান রেলওয়ে করিডোরকে যুক্ত করা সম্ভব হবে। রেলপথ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত।

এডিবি’র ওসিআর ঋণ ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। ঋণ সুদের হার Euribor (Euro Interbank Offered Rate) + ০.৫% ও ম্যাচুরিটি প্রিমিয়াম ০.১%। এছাড়া, অবিতরণকৃত ঋণের উপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ প্রদান করতে হবে।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বাংলাদেশ ১৯৭৩ সালে সদস্যলাভের পর হতে এডিবি থেকে এর অর্থনীতির অগ্রাধিকারভুক্ত বিভিন্ন খাতসমূহে ধারাবাহিকভাবে আর্থিক সহায়তা পেয়ে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৮,৮৭৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা ও ৫৫৩ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি সাধারণত বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানিসম্পদ ও সুশাসন-কে প্রাধান্য দেয়।


২৫/৬/২০২৩